গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

**অতীব জরুরী**

নম্বর : ১০.০০.০০০০.১২৯.২৩.০০৩.২৪.২৭৩ তারিখ : ১১ চৈত্র ১৪৩০/২৫ মার্চ ২০২৪

বিষয় : ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে আইন ও বিচার বিভাগের উদ্যোগে কর্মসূচী গ্রহণ।

সূত্র : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের গত ২১ মার্চ ২০২৪ তারিখের ৪৮.০০.০০০০.০০১.২৩.০০৮.২৪-৫৬ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে ১৪ মার্চ ২০২৪ তারিখ অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সারা দেশের অধস্তন আদালত, আইন ও বিচার বিভাগের আওতাধীন অধিদপ্তর, অন্যান্য সংস্থা এবং জেলা রেজিস্ট্রার ও সাব-রেজিস্ট্রার অফিসসমূহ-কে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

(ক) ২৫ মার্চ ২০২৪ তারিখ রাত ১১.০০ থেকে ১১.০১ মিনিট পর্যন্ত ১ মিনিটের জন্য সারাদেশে প্রতীকী ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা/চলমান যানবাহন ব্যতীত) যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। ২৫ মার্চ ২০২৪ তারিখ রাত ১১.০০ থেকে ১১.০১ মিনিট পর্যন্ত ব্ল্যাক আউটের সময় প্রয়োজনীয় সতকর্তা এবং নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উপলক্ষে সকল সরকারি ও স্বায়ত্তশাসিত ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) করতে হবে। একই সাথে ২৬.০৩.২০২৪ তারিখ সন্ধ্যা থেকে গুরুত্বপূর্ণ সরকারি ও স্বায়ত্তশাসিত স্থাপনাসমূহ এবং সড়কদ্বীপসমূহে আলোকসজ্জা করতে হবে। মহান স্বাধীনতা দিবসের রাষ্ট্রীয় কর্মসূচীতে সকল কর্মকর্তা/কর্মচারীকে বাধ্যতামূলকভাবে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৫/০৩/২০২৪
(মোঃ আব্দুল্লাহ-আল-মাসুম)
সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৫)
ফোন: ২২৩৩৫৭৪২০
section5@lawjustice div.gov.bd

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. জেলা ও দায়রা জজ ... (সকল)।
২. মহানগর দায়রা জজ ... (সকল)।
৩. মহাপ্রশাসক, সরকারি অছি এবং সরকারি রিসিভার, ঢাকা।
৪. মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা (অধীনস্ত দপ্তরসমূহকে অবহিতকরার অনুরোধসহ)।
৫. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
৬. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা।
৭. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৮. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৯. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট.... (সকল)।
১০. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ... (সকল)।
১১. জেলা রেজিস্ট্রার... (সকল)।
১২. সাব-রেজিস্ট্রার... (সকল)।

জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি।